তারিখ 11 MAR 1992
পৃষ্ঠা ২ কলাম ৪

দৈনিক খবর

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# ছাত্রী হলে শিবির কর্মীরা হামলা চালিয়েছে

চট্টগ্রাম থেকে বাসস জানায় ঃ শামসুননাহার হলের জিএস রুমানা কাফি ঝর্ণা এবং চাকসুর মহিলা সম্পাদিকা জমিলা আক্তার অভিযোগ করেছেন যে, ৮ই মার্চ হলের ছাত্রীরা যখন গোলাম আযমের বিচারের দাবী সম্বলিত পোস্টার লাগাচ্ছিল তখন ইসলামী ছাত্র শিবিরের সদস্যরা তাদের ওপর হামলা চালায়।

গতকাল মঙ্গলবার চট্টগ্রাম প্রেসক্লাবে

শেষ পাতায় দেখুন

## ছাত্রী হলে

প্রথম পৃষ্ঠার পর

এক সাংবাদিক সম্মেলনে তারা বলেন, হামলার সময় কয়েকজন শিবির কর্মী হলের ভেতরে প্রবেশ করে পোস্টার ছিঁড়ে ফেলে এবং ছাত্রীদের ভীতি প্রদর্শন করে। ছাত্রী নেতৃবৃন্দ বলেন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং প্রক্টর হল পরিদর্শন করেছেন। তারা ঘটনার তদন্তের আশ্বাস দিয়েছেন।